

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead



ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্দেশ্য নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

বিষয়বস্তু:

ক গ্রুপ: “খাদ্য উপাদান সম্পর্কিত জ্ঞান”।

খ গ্রুপ: “পুষ্টি বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক উদ্যোগ ও লক্ষ্য সমূহ”।

উক্ত বিষয়ের উপর ভিত্তি করে প্রতিযোগিতার প্রশ্ন নির্ধারণ করা হবে।



প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ” নির্বাচন করতে হবে।

রেজিস্ট্রেশন এর শেষ সময়: ১০/১২/ ২০২১

প্রতিযোগিতার নিয়মাবলী:

- রেজিস্ট্রেশনকারীদেরকে BIID Foundation এর পক্ষ থেকে ই-মেইলের মাধ্যমে ZOOM লিংক ১৯/১২/২০২১ তারিখে প্রদান করা হবে।
- প্রতিযোগীরা অনলাইনে অংশগ্রহণ করবে এবং তাদের নিজেদের কম্পিউটার/ল্যাপটপ/ফোন/ট্যাব ব্যবহার করবে।
- প্রত্যেক প্রতিযোগী ১৫ মিনিট করে সময় পাবে ১ম প্রশ্নের উত্তর দেয়ার জন্য। ১ম প্রশ্নের উত্তর জমা দেয়ার পর প্রতিযোগীরা ২য় প্রশ্নটি পাবে যেটি পূর্বের মতো ১৫ মিনিটে সমাধান করতে হবে।
- উত্তরগুলো Google Form এ জমা দিতে হবে। Form লিংক ZOOM এ যুক্ত হওয়ার পর দিয়ে দেয়া হবে।

স্কোরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	মূল বিষয় উপস্থাপন	৪০
২.	সময়ানুবর্তিতা	২০
৩.	প্রাসঙ্গিকতা	৪০

যোগাযোগ: ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ নিয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, আসহাব আল ইয়ামিন এর সাথে, ফোন: +৮৮০১৭৬৭৫০২৬৩৬, অথবা ই-মেইল করুন: ashabalyeamin123@gmail.com, অথবা ই-মেইল: ino@biid.org.bd, ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ এই ঠিকানায়।

বিশেষ দৃষ্টব্য:

- যেকোনো ধরনের অসদুপায় অবলম্বনকারীর অংশগ্রহণ বাতিল করা হবে।
- বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

অন্যান্য:

- বিচারকগণ উত্তরগুলো মূল্যায়ন করে নম্বর দিবেন।
- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

